গ) সারণি হতে আয়তলেখ আক। ৪

১১। ৩০ জন ছাত্রের ওজন (কেজিতে) নিচে দেওয়া হল :

২০, ২২, ৩০, ২৫, ২৮, ৩০, ৩৫, ৪০, ২৫, ২০, ২৮, ৪০, ৪৫, ৫০,৪০, ৩৫, ৪০, ৪০, ৩৫, ২৫, ৩৫, ৩৫,৪০, ২৫, ২০, ৩০, ৩৫, ৩৫, ৫০, ৪০

ক) উপাত্তগুলোকে মানের ক্রমঅনুসারে সাজাও। ২

খ) শ্রেণিব্যাপ্তি ৫ ধরে গণসংখ্যা সারণি তৈরি কর। ৪

গ) উপাত্তের গড় নির্ণয় কর। ৪

## অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : বাংলা ২য় পত্র**

**বিষয় কোড : ১০২**

**সময় :** **২.৩০ ঘণ্টা**

**পূর্ণমান -৭০**

### ব্যাকরণ অংশ

**১। যে কোন ৪টি প্রশ্নের উত্তর লিখতে হবে ঃ** **৪×৫ = ২০**

ক) কারক কাকে বলে? কারক কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।

খ) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর।

গ) একই শব্দ ভিন্ন অর্থ প্রয়োগ করে দেখাও :

চলা, পড়া

ঘ) ভিন্নার্থক শব্দ লেখ :

{কমল {দ্বীপ
{কোমল {দ্বিপ

ঙ) এক কথায় প্রকাশ কর :

আয় বুঝে ব্যয় করে যে, চক্ষুর সম্মুখে সংঘটিত, নষ্ট হওয়াই স্বভাব যার, যা পূর্বে ছিল এখন নেই।

**২। অনুচ্ছে লেখ :** **৫**

সততা

***অথবা,***

আমার মা

**৩। ক) সারাংশ লেখ ঃ** **১০**

নিন্দা না থাকিলে পৃথিবীতে জীবনের গৌরব কি থাকিত? একটা ভালো কাজে হাত দিলাম, তাহার নিন্দা কেহ করে না,- সে ভালো কাজের দাম কী?- একটা ভালো কিছু লিখিলাম, তাহার নিন্দুক কেহ নাই- ভালো গ্রন্থের পক্ষে এমন মর্মান্ড়িক অনাদর কী হতে পারে? জীবনকে ধর্মচর্চায় উৎসর্গ করিলাম, যদি কোনো মন্দ লোক তাহার মধ্যে মন্দ অভিপ্রায় না দেখিল, তবে সাধুতা যে নিতান্ড়ই সহ হইয়া পড়িল। মহত্ত্বকে পদে পদে কাঁটা মাড়াইয়া চলিতে হয়। ইহাতে যে হার মানে বীরের সদগতি সে লাভ করে না। পৃথিবীতে নিন্দা দোষীকে সংশোধন করিবার জন্যে আছে তাহা নহে। মহত্ত্বকে গৌরব দেওয়া তাহার একটা মস্ড় কাজ।

***অথবা,***

**খ) সারমর্ম লেখ ঃ**

কোথায় স্বর্গ, কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ নরক- মানুষেতে সুরাসুর
রিপুর তাড়নে যখন মোদের বিবেক পায়গো লয়,
আত্মগ-ানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

**৪। ভাব সম্প্রসারণ লিখ ঃ (যে কোনো ১টি)** **১০**

ক) চরিত্র মানব জীবনের অমূল্য সম্পদ।

খ) দূর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

**৫। আবেদন পত্র/ ব্যক্তিগত পত্র লিখ ঃ (যে কোনো ১টি)** **১০**

(ক) মনে কর তোমার নাম সফিক। তোমার ছোট ভাই রাহাত, ঢাকায় হোস্টেলে থেকে পড়াশোনা করে। ছাত্রজীবনে শিক্ষা সফরের সম্পর্কে বর্ণনা করে, ছোট ভাইয়ের নিকট একখানা পত্র লিখ।

***অথবা,***

(খ) মনে কর, তোমার নাম আদিত্য। তুমি সেন্ট প-্যাসিডস্ স্কুল এন্ড কলেজের সপ্তম শ্রেণির ছাত্র। বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম চলাকালীন হঠাৎ অসুস্থ হয়ে পড়ায়, পরবর্তী পিরিয়ড থেকে ছুটি চেয়ে প্রধান শিক্ষককে একটি দরখাস্ড় লিখ।

**৬। যে কোনো একটি বিষয়ে রচনা লিখ ঃ** **১৫**

ক) তোমার প্রিয় শিক্ষক

খ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

গ) তোমার প্রিয় শিক্ষক

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : কৃষি শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ২০ মিনিট　　　　　　　　　　　　　　　　পূর্ণমান -৭০

[যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।)

১। গণি মিয়ার বাড়িটি কম বৃষ্টিপাত প্রবণ অঞ্চলে হলেও প্রচুর শাকসবজী উৎপাদন হয়। গণি মিয়া কিছু টাটকা শাকসবজী নিয়ে তার মায়ের সাথে চট্টগ্রামের চকবাজারে মামার বাড়িতে বেড়াতে যায়। সেখানে একদিন সে দেখে হঠাৎ করে আকাশ ঘনকালো মেঘে ঢেকে আসে ও ঝড় বাতাস শুর“ হয় এর পর শুর“ হয় বৃষ্টি।

ক) খরা কী? ১

খ) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে ২টি পার্থক্য দেখাও। ২

গ) উদ্দীপকের আলোকে গণিমিয়ার কৃষি অঞ্চলের বৈশিষ্ট্য মৌসুম অনুযায়ী বর্ণনা কর। ৩

ঘ) গণি মিয়া ও তার মামা বাড়ি অঞ্চলে আবহাওয়ার বৈশিষ্ট্যের তুলনা কর। ৪

২। বিভাগ- ১ ঃ লালশাক, বেগুন, মরিচ, পেঁপে, কলা।

বিভাগ- ২ ঃ ফুলকপি, মুলা, আলু, ঝিঙ্গা, মিষ্টি কুমড়া।

ক) উদ্ভিদ কাকে বলে? ১

খ) খরিফ- ১ মৌসুমের ২টি বৈশিষ্ট্য লেখ। ২

গ) বিভাগ- ১ এর ফসলগুলো সারা বছর পাওয়া যায় কেন- ব্যাখ্যা কর। ৩

ঘ) বিভাগ- ২ এর ফসলগুলো সারা বছর পাওয়া সম্ভব কিনা বর্ণনা কর। ৪

৩। তিন্নি ও তুলি দুই বান্ধবী। তিন্নি বলল প্রতিকুল আবহাওয়া ও জলবায়ুর প্রভাবে ফসল উৎপাদন ব্যাহত হয়। তুলি বলল, দিনের দৈর্ঘ্যের উপর আলোকে সংবেদনশীলতার ভিত্তিতে উদ্ভিদকে কয়েকটি ভাগে ভাগ করা হয়।

ক) ফসল উৎপাদনের মৌসুম কয়টি? ১

খ) খরিফ- ২ মৌসুমের ২টি বৈশিষ্ট্য লেখ। ২

গ) উদ্দীপকে তুলির উক্তিটি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে তিন্নির উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৪। চিত্রটি লক্ষ কর :




ক) পাতার রং সবুজ হয় কেন? ১

খ) ভুট্টার ২টি জাতের নাম লেখ। ২

গ) আমাদের দেশে ভুট্টার চাষ পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ) ভুট্টার রোগ দমন পদ্ধতি সম্পর্কে বর্ণনা কর। ৪

৫। চিত্রটি লক্ষ কর ঃ



ক) পেয়ারাতে কোন ভিটামিন থাকে? ১

খ) পেয়ারার ২টি জাতের নাম লেখ। ২

গ) পেয়ারার চারা রোপণ পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ) পেয়ারার পরিচর্যা কিভাবে করতে হয় তা বর্ণনা কর। ৪

৬। গ্রাম বাংলায় সম্পূর্ণ মুক্ত বা ছাড়া অবস্থায় মুরগি পালন করা হয়। কিন্তু বাণিজ্যিক খামারে সম্পূর্ণ আবদ্ধ অবস্থায় মুরগি পালন করা হয়।

ক) কৈ মাছ চাষযোগ্য পুকুরে অন্তত কত মাস পানি থাকতে হবে? ১

খ) মুরগি পালনে অর্ধ আবদ্ধ পদ্ধতি বলতে কি বুঝায়? ২

গ) মুক্ত বা ছাড়া অবস্থায় কিভাবে মুরগি পালন করা যায় তা বর্ণনা কর। ৩

ঘ) আবদ্ধ অবস্থায় কিভাবে মুরগি পালন করা যায় তা বর্ণনা কর। ৪

৭। গফুর সাহেব চাকরি শেষে অবসর গ্রহণের পর একটি গরুর খামার গড়ে তোলেন। তার গরুগুলো ভালভাবে বেড়ে উঠলেও কিছ গরুর চামড়ায় ক্ষত দেখা দেয়। তিনি লক্ষ করলেন, ক্ষতের রক্ত সহজে বন্ধ হয় না। তাই তিনি চিন্তিত হয়ে পড়েন।

ক) মুখ্য পুষ্টি উপাদান কাকে বলে? ১

খ) উদ্ভিদ কি কি উৎস হতে ১৭টি উন্নত পুষ্টি উপাদান গ্রহণ করে? ২

গ) উদ্দীপকের প্রথম সমস্যার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের দ্বিতীয় সমস্যার কারণ ব্যাখ্যা কর। ৪

৮। অনেকগুলো জিনিস একত্রে পচিয়ে বা কখনো একটি মাত্র উপাদান দ্বারাও কম্পোস্ট সার তৈরি করা যায়। দুই প্রক্রিয়ায় এ সার তৈরি করা যায়। যথা (১) স্তুপ পদ্ধতি ও (২) পরিখা পদ্ধতি।

ক) পুষ্টি কাকে বলে? ১

খ) রাসায়নিক সার বলতে কি বুঝায়? ২

গ) পরিখা পদ্ধতিতে কম্পোস্ট সার তৈরির চিত্রটি অংকন কর। ৩

ঘ) পরিখা পদ্ধতিতে কিভাবে কম্পোস্ট সার তৈরি করা যায় তা বর্ণনা কর। ৪

৯। শশাংক কৃষি শিক্ষা ক্লাসে জানত পারল, উদ্ভিদের প্রয়োজনীয় কিছু পুষ্টি উপাদান রয়েছে। সে আরও জানল, উদ্ভিদের মূল ও কান্ডের অগ্রভাগ শুকিয়ে যায় একটি গুরুত্বপূর্ণ উপাদানের অভাবে। উদ্ভিদের জীবনচক্রে বিভিন্ন পুষ্টি উপাদান বিভিন্ন কাজ করে।

ক) উদ্ভিদের মোট পুষ্টি উপাদান কয়টি? ১

খ) গৌণ পুষ্টি উপাদান কী? ২

গ) উদ্দীপকে উলে-খিত সমস্যা কোন উপাদান এর অভাবে ঘটে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে শেষ উক্তিটি বর্ণনা কর। ৪

১০। হাইড্রোজেন, অক্সিজেন, কার্বন, নাইট্রোজেন ইত্যাদি হচ্ছে উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি উপাদান। খাদ্যের মধ্যে যেকোন একটির অভাব অন্যটি দিয়ে পূর্ণ করা যায় না। তাই এই উপাদানগুলোকে অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান বলে।

ক) সার কী? ১

খ) সবুজ সারের ২টি উপকারিতা লেখ। ২

গ) উদ্ভিদের জীবনচক্রে ফসফরাসের কাজ লেখ। ৩

ঘ) উদ্ভিদের জীবনচক্রে নাইট্রোজেনের অভাবজনিত লক্ষণগুলো লেখ। ৪

১০। সেদিন এমন এক সময় আসবে যেদিন ঘটবে মহাপ্রলয়। যার পূণ্যের পাল-া ভারী হবে সে সন্ড়োষজনক পরিণতি পাবে।

(ক) আদিয়াত শব্দের অর্থ কি? ১

(খ) হাবিয়া বলতে কি বুঝ? সেখানে কি থাকবে? ২

(গ) উদ্দীপকে মহাপ্রলয় কথা বলা হয়েছে। সেই প্রলয়ের দিনে কিভাবে সবকিছু ধ্বংস হয়ে যাবে? সুরা কারিআহ এর আলোকে লিখ। ৩

(ঘ) কোন ধরণের পূণ্যের ফলে পরকালে সন্ড়োষজনক পরিণতি পাওয়া যাবে? বিশে-ষণ কর। ৪

১১। এমন এক সময় ছিল যখন মহাগ্রন্থ আল কুরানুল কারীম হিফজ করার মাধ্যমে সংরক্ষিত হত। কিন্তু আজ সারা বিশ্ব একটি পূর্ণাঙ্গ গ্রন্থ হিসেবে এই কুরান মাজীদকে পেয়েছে।

(ক) তাজবিদ কাকে বলে? ১

(খ) কুরান মাজিদ প্রথমে কিভাবে নাজিল হয়? ২

(গ) পবিত্র কুরান কিভাবে সংরক্ষণ করা হতো? উপস্থাপন কর। ৩

(ঘ) “কুরান মাজীদেই রয়েছে সফল দিক নির্দেশনা” তুমি কি এর সাথে একমত? বিশে-ষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।**

১। মি ‘ক’ সাহেব একজন মেমবার। তিনি সরকার থেকে প্রাপ্ত রিলিফ গরীবদের না দিয়ে বাজারে বিক্রি করে দেয়। এবং সে দরিদ্র লোকদের বিভিন্ন অজুহাত দেখিয়ে ঠকায়। অথচ সুরা বাকারার ৪২নং আয়াতের অর্থে সত্যকে গোপন না করার বিষয়ে সতর্ক করা হয়েছে।

(ক) ক্রোধ এর আরবি প্রতিশব্দ কি? ১

(খ) লোভ বলতে কি বুঝ? ২

(গ) মি ‘ক’ সাহেবের কাজ কিসের শামিল? উক্ত কাজের ফলে গরীবদের মাঝে কি প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে উলে-খিত সুরা বাকারার ৪২নং আয়াতের গুর“ত্ব ব্যাখ্যা উপস্থাপন কর। ৪

২। মি. ‘ক’ সাহেব একজন ব্যাংক কর্মকর্তা। তিনি স্ত্রী সন্ড়ান নিয়ে ফ্ল্যাট বাড়িতে থাকেন অথচ তার বৃদ্ধা মা গ্রামের বাড়িতে খেয়ে না খেয়ে কোনভাবে দিন কাটাচ্ছেন। মার কোন খবর নেন না।

(ক) প্রতারণা কাকে বলে? ১

(খ) আখলাকে জামিমা কাকে বলে? ২

(গ) মি ‘ক’ সাহেবের কাজটি কি শরিয়ত সম্মত? এ বিষয়ে শরিয়তে কি বিধান রয়েছে? বিশে-ষণ কর। ৩

(ঘ) মি ‘ক’ সাহেবের এমন আচরণে তার সন্ড়ানদের উপর কিরূপ প্রতিক্রিয়া ভবিষ্যতে হতে পারে বলে তুমি মনে কর? বিশে-ষণ কর। ৪

৩। মি ‘গ’ সাহেব অফিস সহকারী পদে নিয়োজিত আছেন। তিনি পদমর্যাদা বৃদ্ধির জন্য বসকে তোশামদ করতে থাকেন। এবং তার থেকে উচ্চপদ মর্যাদা বিশিষ্ট ‘ঘ’ সাহেবকে সবসময় হীন চোখে দেখেন। এবং তাকে সরিয়ে নিজেই সে জায়গা দখলের চেষ্টা করেন।

(ক) ক্রোধ কোথা থেকে আসে? ১

(খ) প্রতারণার কুফল লিখ। ২

(গ) মি 'গ' এর কাজটি কিসের শামিল? সে কিসের তাড়নায় এ ধরনের কাজ করেছে? এর ফলে সমাজে কি পরিস্থিতি সৃষ্টি হতে পারে? ৩

(ঘ) মি 'গ' সাহেবের মধ্যে কিসের অভাব রয়েছে? সে কিভাবে এহেন কাজ থেকে বেঁচে থাকতে পারে? বিশে-ষণ কর। ৪

৪। ইবলিশ শয়তানকে শয়তানে পরিণত করা হয়েছিল শুধুমাত্র ঈর্ষা প্রকাশের জন্য। তিনি হযরত আদম (অ.) এর পদমর্যাদাকে ইর্ষা করেছিল। তাই তিনি এত বেশি ইবাদত করার পরও তাকে অবাধ্যতার কারণে শয়তানে পরিণত করা হয়েছিল।

(ক) লোভ কাকে বলে? ১

(খ) ক্রোধ সম্পর্কে মহানবি (স.) এর একটি হাদিস তুলে ধর। ২

(গ) ইবলিশ শয়তান যদি ঈর্ষার কারণে ইবাদতকারী থেকে শয়তানে পরিণত হয়; সেক্ষেত্রে আমাদের করণীয় কি? এবং কেন? ৩

(ঘ) ঈর্ষার ফলে আমরা কিভাবে মানসিক ব্যাধিগ্রস্ড় হতে পারি? এবং এর ফলে সমাজে কি পরিস্থিতি সৃষ্টি হতে পারে? ৪

৫। মা, প্রতি বৃহস্পতিবার বাসায় মেয়েদের ধর্মীয় শিক্ষার ক্ষেত্রে নীতি ও নৈতিকতার বিষয়ে জোড় তাগিদ দেন। এক্ষেত্রে মা বললেন, মহানবি (স.) বলেছেন, "অশ-ীলতা যে কোনো জিনিসকে খারাপ করে এবং লজ্জাশীলতা যেকোনো জিনিসকে সৌন্দর্যমন্ডিত করে।" (তিরমিযি)

(ক) সৃষ্টির সেবা কাকে বলে? ১

(খ) শ্রম বলতে কি বুঝ? শ্রমের আওতাভুক্ত ১টি কাজ লিখ। ২

(গ) উদ্দীপকে হাদিসটির গুর“ত্ব ব্যাখ্যা কর এবং এই হাদিসটি আমাদের জীবনে কোন প্রভাব ফেলতে পারে বলে মনে কর? কিভাবে? ৩

(ঘ) একজন মুমিনের জীবনে শালীনতার গুর“ত্ব কতটুকু? এর সুফলসহ বিশে-ষণ কর। ৪

৬। মুস্ড়াক রাস্ড়া দিয়ে হাটছিল হঠাৎ দেখল এক অন্ধলোক রাস্ড়া পার হতে পারছে না, তখন সে দৌড়ে গিয়ে লোকটিকে পার করে দিল।

(ক) দোযখের অগ্নি কাকে ভক্ষন করবে না? ১

(খ) সৃষ্টির সেবামূলক কয়েকটি কাজ লিখ। ২

(গ) মুস্ড়াকের কাজটি কিসের শামিল? সে এরূপ আরও কি কি কাজ করতে পারে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) শরিয়তের আলোকে মুস্ড়াকের কাজটির সুফল উপস্থাপন কর। ৪

৭। সকল সৃষ্টি আল-াহর পরিজন। সবাই সবার সাথে ভালো ব্যবহার করবে, হক আদায় করবে। জুলুস করবে না।

(ক) আখলাকে হামিদা কাকে বলে? ১

(খ) আত্মীয় বলতে কি বুঝ? ২

(গ) পাঠ্যবইয়ের ১নং হাদিস যা, মানব প্রেস সংক্রান্ড় এর আলোকে উপস্থাপন কর যে, আমরা কিভাবে একে অপরকে ভালোবাসব? ৩

(ঘ) আমরা কিভাবে মানবতার ধর্ম পালন করতে পারি? বিশে-ষণ কর। ৪

৮। "আসমান ও জমিনে যা কিছু রয়েছে তা কেবল একজনেরই আওতাধীন। একমাত্র তিনিই সকল ক্ষমতার মালিক।"

(ক) সর্বপ্রথম মোনাজাত কে কে করেছিলেন? ১

(খ) আবু লাহাব কে ছিলেন? ২

(গ) উদ্দীপকে "তিনিই সকল ক্ষমতার মালিক" বলতে কাকে বুঝানো হয়েছে? তার ক্ষমতার বিভিন্ন দিক তুলে ধর। ৩

(ঘ) সুরা ইখলাসের আলোকে আল-াহর পরিচয় তুলে ধর। ৪

৯। মানুষ ইহজগতের জীবনটাকে বেশি প্রাধান্য দিয়ে থাকে। অথচ এটি ক্ষণস্থায়ী প্রাচুর্য আর সম্পদের মোহে নিজেকে বেশি মত্ত রাখে।

(ক) তাব্বাত শব্দের অর্থ কি? ১

(খ) জাহিম বলতে কি বুঝ? এটি কেমন হবে? ২

(গ) উদ্দীপকে ক্ষণস্থায়ী জীবনের মোহ কিভাবে মানুষকে ছেয়ে রেখেছে? সুরা তাকাসুর এর আলোকে লিখ। ৩

(ঘ) ইহজগতে মানুষের কিভাবে জীবন পরিচালনা করা উচিৎ? যা তাদের পরকালে মুক্তি লাভে সহায়ক হবে? ৪

১০। সুমন সকাল থেকে রাত পর্যন্ড় সঠিকভাবে প্রত্যেকটি নিত্যকর্ম পালন করে।

তাই সে সুন্দর মানসিকতা ও সুস্বাস্থ্যের অধিকারী হতে পেরেছে। সে নিয়মিত শলভাসন এবং পশ্চিমোত্তানাসন অনুশীলন করে।

ক) নিত্যকর্ম কাকে বলে? ১

খ) প্রাতঃ কৃত্যের গুরুত্ব লেখ। ২

গ) উদ্দীপকের সুমনের নিত্যকর্ম পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) সুমনের অনুশীলনকৃত আসন দুটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। রবিন ও প্রীতম দুজন প্রতিবেশী। রবিন তার স্ত্রীকে কখনো মূল্যায়ন করেন না। অন্যদিকে প্রীতম তার স্ত্রীকে মূল্যায়ন করেন। রবিনের সংসারে সর্বদা ঝগড়া লেগে থাকে। বাচ্চাদের লেখাপড়া হয় না। প্রীতমের পরিবারটি সুখী পরিবার। প্রীতম বলেন, একজন আদর্শ মায়ের হাতে আদর্শ সন্তান গড়ে উঠতে পারে। তাই নারীকে সম্মান ও মর্যাদা দিতে হবে।

ক) কর্মবাদ কী? ১

খ) অর্ধনারীশ্বর বলতে কী বোঝায়? ২

গ) প্রীতমের স্ত্রীকে মূল্যায়নের কারণে নারীর মর্যাদা কীভাবে সংরক্ষিত হবে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) "একজন আদর্শ মায়ের হাতে আদর্শ সন্তান গড়ে উঠতে পারে"- প্রীতমের কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি : সপ্তম

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**[যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান- ১০।]**

১। সপ্তম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ক্লাসে শিক্ষক বললেন প্রত্যেক কর্মের ফল আছে। ধর্মাচারণের মূল লক্ষ্য হচ্ছে মোক্ষলাভ ও জগতের কল্যাণ। এভাবেই জীবাত্মা চিরমুক্ত লাভ করে ঈশ্বরের সাথে মিশে যায়। তাই বলা যায়, সকল কাজ ঈশ্বরের কাজ।

ক) কর্মবাদ কাকে বলে? ১

খ) মোক্ষলাভ বলতে কী বোঝ? ২

গ) ধর্মাচরণ তোমার ব্যক্তিগত জীবনে যে ধরনের পরিবর্তন আনতে পারে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) শিক্ষকের সর্বশেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২। সুনীল একজন স্বাস্থ্য সচেতন ব্যক্তি। কিছুদিন ধরে তিনি কোমর ও মেরুদণ্ডের ব্যাথায় ভুগছেন। তাই তার ভাই তাকে দেহ অনেকটা পতঙ্গের মতো দেখায় এরকম একটি আসন অনুশীলন করতে বললেন।

ক) পূর্বাহ্নকৃত্য কাকে বলে? ১

খ) নিত্যকর্মের গুরুত্ব লেখ। ২

গ) সুনীলের ভাই তাকে কোন আসন করতে বলেছিল? আসনটির অনুশীলন পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ) উক্ত আসনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩। মথুরার অত্যাচারী রাজা ছিলেন কংস। তার অত্যাচারে মতুরার প্রজারা অতিষ্ঠ হয়ে উঠেছিল। তাই কংসের অত্যাচার থেকে প্রজাদের রক্ষা করার জন্য ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তিনি অত্যাচারী রাজা কংসকে হত্যা করেন।


ক) শ্রীকৃষ্ণ কে ছিলেন? ১

খ) শ্রীকৃষ্ণ কীভাবে বকাসুরকে বধ করেন? ব্যাখ্যা কর। ২

গ) ভগবান শ্রীকৃষ্ণের নৈতিক শিক্ষা তোমার জীবনে কীভাবে প্রয়োগ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ভগবান শ্রীকৃষ্ণের কালীয় নাগ দমন কাহিনি লেখ। ৪

৪।




ক) জন্মান্ড়রবাদ কী? ১

খ) কর্মফল কীভাবে ভোগ করতে হয়? ২

গ) কর্মের সাথে কর্মফলের সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ) "জন্মান্ড়রের কারণ হল কর্মবাদ" তুমি কি তা মনে কর? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫। মহেশ্বর একজন মহাপুরুষ দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন। তিনি সাধনার দ্বারা মা কালীকে কন্যারূপে দর্শন করেছেন। মহেশ্বর তাই একনিষ্ঠভাবে মায়ের আরাধনা করতেন। সাধনার একনিষ্টতায় মায়ের দর্শন সম্ভব।

ক) উন্নতি লাভের একমাত্র উপায় কী? ১

খ) ধর্মসভার বিচারে স্বামী বিবেকানন্দ কেন শ্রেষ্ঠ বক্তা হিসেবে নির্বাচিত হন? ২

গ) উদ্দীপকে উলে-খিত মহেশ্বর কোন মহাপুরুষের দ্বারা কেন অনুপ্রাণিত ছিলেন, তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "একনিষ্ঠ সাধনায় মায়ের দর্শন লাভ করা যায়- উদ্দীপকে উলে-খিত সাধকের জীবনানুসারে পাঠ্যবইয়ের আলোকে বিশে-ষণ কর। ৪

৬। শিখা অতিরিক্ত বইয়ের বোঝা বহন করার কারণে প্রায় সময় কুঁজো হয়ে চলাফেরা করে। এজন্য ডাক্তারের শরণাপন্ন হলে তিনি শিখাকে একটি আসন নিয়মিত অনুশীলন করতে বলেন।

ক) নিত্যকর্ম কত প্রকার? ১

খ) পূর্বাহ্নকৃত্যের করণীয়গুলো লেখ। ২

গ) ডাক্তারের পরামর্শের আসনটির অনুশীলন পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ) আমাদের শরীরের জন্য উক্ত আসনটির গুরুত্ব বিশে-ষণ কর। ৪

৭। সুচি তার ঠাকুরমার কাছে "ক" দেবী সম্বন্ধে জানতে চায়। তার ঠাকুরমা বলেন, 'ক' দেবী একজন সাধিকা ছিলেন। তাঁর স্বামীও একজন মহৎ সাধক ছিলেন। জীবনে সুখী হওয়ার জন্য তিনি অনেক উপদেশ দেন।

ক) শ্রীরামকৃষ্ণ বাংলা কত সালে মৃত্যুবরণ করেন? ১

খ) সারদা দেবী স্বামীর সান্নিধ্য পাননি কেন? ২

গ) উদ্দীপকের "ক" দেবীর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহীয়সী নারীর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "তিনি জীবনে সুখী হওয়ার জন্য অনেক উপদেশ দেন"- পাঠ্যবই এর আলোকে বিশে-ষণ কর। ৪

৮। হিন্দুধর্ম সবচেয়ে পুরাতন ও চিরন্ড়ন। এ ধর্মের রয়েছে নানা বৈশিষ্ট্য যা মানুষকে পবিত্র জীবন যাপন করতে উদ্বুদ্ধ করে। নিখিল বাবু হিন্দুধর্মের এসব নিয়ম ও বৈশিষ্ট্য অত্যন্ড় ভক্তিভরে মেনে চলেন। তিনি বিশ্বাস করেন, প্রতিটি জীবের মধ্যেই ঈশ্বর বিরাজ করেন।

ক) ঈশ্বরের প্রকৃতি ও শক্তি কী? ১

খ) নারীর মর্যাদা বলতে কী বোঝায়? ২

গ) হিন্দুধর্মের মূল বৈশিষ্ট্যগুলো নিখিল বাবুর জীবনের আলোকে কীভাবে তুমি তোমার জীবনে প্রয়োগ করতে পার? ব্যাখ্যা কর। ৩

ঘ) নিখিল বাবুর বিশ্বাসের আলোকে "ঈশ্বরতত্ত্ব" ধারণাটি বিশে-ষণ কর। ৪

৯। পৃথিবী সৃষ্টির উষালগ্ন থেকে সনাতন ধর্মের হরিনাম প্রচারে যে মহামানবদের আবির্ভাব ঘটেছে তাঁর সাধনার গুণে নিজেদের নামে ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিয়েছেন। তিনি অবসর পেলেই বটগাছের নিচে গভীর সাধনায় মগ্ন থাকতেন। তাঁর প্রকৃত নাম ছিল জগৎ। তিনি সাঁওতাল, বাগদী ও নমঃ শুদ্রদের অস্পৃশ্য মনে করতেন না। এই মহামানব বলেছেন- বৃথা বাক্য ব্যয় দুর্ভাগ্য।

ক) রামপ্রসাদকে রাজকবি হওয়ার অনুরোধ করেছিলেন কে? ১

খ) পরনিন্দা করা ঠিক নয় কেন? ২

গ) উদ্দীপকে কোন মহামানবের পরিচয় পাওয়া যায়? পাঠ্যবই অনুযায়ী তা লেখ। ৩

ঘ) উক্ত মহামানবের জীবনী থেকে আমরা কী শিক্ষা পাই তা বিশে-ষণ কর। ৪

৯। যোহান অনেক নিষ্ঠাবান কর্মচারী। সে তার বসের কথা অত্যন্ড় মনোযোগ

সহকারে শোনে। তার বস তাকে যখন যা করতে বলত তখন সে তাই করত। সে খুবই বিশ্বস্ড় ছিল। যোহান বসের অধীনস্থ কর্মচারীদের কাছে বাণী পৌছে দিত।

ক) ঐশরাজ্য কী? ১

খ) দরিদ্র ও বিনম্র ঐশরাজ্যে প্রবেশে অগ্রাধিকার পাবে কেন? ২

গ) উদ্দীপকটি পাঠ্যবইয়ের কার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) যোহান কি ঈশ্বরের দূত- মতামত দাও। ৪

১০। শুভ্র হালদার একজন সরকারি চাকুরিজীবী। তিনি সর্বদা সৎভাবে জীবিকা নির্বাহ করতে চান। তবে কখনো কখনো তিনি পথভ্রষ্ট হয়ে যান। অনেকটা ইচ্ছার বির"দ্ধেই তিনি অন্যায় কাজে জড়িয়ে পড়েন। অন্যের দেখাদেখি তিনিও কখনো কখনো ঘুষ গ্রহণ করে থাকেন নিজের চাহিদা পূরণের স্বার্থে।

ক) ঐশরাজ্যে প্রবেশের পূর্বশর্ত কী? ১

খ) প্রভু যীশুর জগতে অবতরণের কারণ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের শুভ্র হালদার কার শক্তির দ্বারা পরিচালিত হচ্ছেন? ব্যাখ্যা কর।৩

ঘ) শুভ্র হালদারকে সঠিক পথে চালনা করতে ঐশ আত্মার প্রভাব বিশে-ষণ কর। ৪

১১। নিঝুম ও তার বন্ধুরা এক সাথে ঘুরতে গেল। নিঝুমের বন্ধুরা নিঝুমকে মজা করার জন্য গাড়ি থেকে ফেলে দিল। এতে নিঝুম অনেক ব্যথা পেল। তার বন্ধুরা তাদের ভুল বুঝতে পেরে তার কাছে ক্ষমা চাইল। নিঝুম তাদের ক্ষমা করে দিল।

ক) সহনশীল শব্দের অর্থ কী? ১

খ) ক্ষমা করার সুফল লেখ। ২

গ) উদ্দীপকের নিঝুম কোন শিক্ষার কারণে বন্ধুদের ক্ষমা করে দিয়েছিল- ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি নিঝুমকে সমর্থন কর- মতামত দাও। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : সপ্তম**

**বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**[যে কোনো ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।]** **৭×১০ = ৭০**

১। যোসেফ মা-বাবার একমাত্র সন্ড়ান। কিন্ড়ু অন্য ছেলেদের মতো সে স্বাভাবিক নয়। শারীরিকভাবে সে প্রতিবন্ধী। ঈশ্বরের প্রতি তার অগাধ বিশ্বাস। প্রার্থনায় ঈশ্বরের কাছে নিজের কাজ নিজে করার শক্তির জন্য প্রার্থনা করত। এতে তার জেএসসি'র ফল ভালো হলো। সে সরকারি বৃত্তি পেল। অন্যদিকে তার বন্ধু সৌরভের সুস্থ হওয়া সত্ত্বেও রং কালো বলে মনোকষ্টে ভোগে। কোনো কাজ মনোযোগ দিয়ে করতে পারে না। ফলে মানসিক চাপের কারণে সে অসুস্থ হয়ে পড়ে।

ক) দেহের যত্নের সাথে সাথে কোন বিষয়ে লক্ষ্য রাখতে হবে? ১

খ) মানবদেহের অপব্যবহার বলতে কি বোঝায়? ২

গ) উদ্দীপকে যোসেফের কী ধরনের চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) সৌরভের তার অবস্থা পরিবর্তনে কী কী উপায় অবলম্বন করতে পারে বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

২। নিলয় প্রায়ই তার বাবার পকেট থেকে টাকা নেয়। বন্ধুদের সাথে বেশি সময় কাটায়। তার কথাবার্তা ও চাল চলনে অনেক পরিবর্তন দেখে তার বাবা একদিন তাকে ডেকে টাকার কথা জিজ্ঞাসা করলেন। কিন্ড়ু নিলয় তা সম্পূর্ণ অস্বীকার করল। অভাবে সে দিনের পর দিন বন্ধুদের সঙ্গেও খারাপ ব্যবহার করতে লাগল। ধীরে ধীরে সে আরও বড় ধরনের অপরাধের সাথে নিজেকে জড়িয়ে ফেলল।

ক) ঈশ্বরের বিধান অমান্য করা কি ধরনের পাপ? ১

খ) সাতটি রিপু বা পাপ প্রবণতা বলতে কি বোঝ? ২

গ) নিলয় কী ধরনের কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) নিলয়ের কাজের ফলাফল কী হতে পারে বলে তুমি মনে কর? পাঠ্য পুস্ড়কের আলোকে মতামত দাও। ৪

৩। বীনা ও রিনা দুইজনই মেধাবী এবং ঘনিষ্ঠ বান্ধবী। পড়াশুনার পাশাপাশি বিদ্যালয়ের অন্যান্য সহ শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করে। কিছুদিন পর দেখা গেল বীনা একটু অন্যরকম আচরণ করতে শুর ু করল। সে নেশাগ্রস্ড় বন্ধুদের সাথে মেলামেশা করতে করতে নিজেই নেশাগ্রস্ড় হয়ে পড়াশুনায় অবহেলা করতে শুর ু করে। সে চাচ্ছে সৎপথে ফিরে আসতে, কিন্তু পারছে না। বীনার মধ্যে সৎ ও অসৎ শক্তির যুদ্ধ চলছে।

ক) আমাদের রক্ষা করার জন্য ঈশ্বর কাদের নিযুক্ত করেছেন? ১

খ) কী কারণে ঈশ্বর দেবদূতদের সৃষ্টি করেছেন? ২

গ) কোন শক্তির প্রভাব বীনার মধ্যে বিদ্যমান- ব্যাখ্যা কর। ৩

ঘ) 'প্রভু যীশুর পথই বীনাকে তার অবস্থা থেকে ফিরিয়ে আনতে পারে'- উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪। নিলয়, অয়ন ও ঐশী সহপাঠী। একই সঙ্গে স্কুলে যায় ও খেলাধূলা করে। তিনজনই খুব বিশ্বাসী বন্ধু। একদিন ঐশীর কাছ থেকে অয়ন একটা বই ধার নিল। পরীক্ষার ঠিক আগের দিন ঐশী তার বইটা ফেরত চাইল। কিন্তু অয়ন বলল, 'কোনো প্রমাণ নেই যে আমি তোমার বই নিয়েছি'। ঐশী তার কথায় খুব আঘাত পেল। তার এই অস্বীকারের কথা ঐশী নিলয়কে জানাল। নিলয় রেগে গিয়ে অয়নকে মার দিল। অয়ন নিজের ভুল বুঝতে পেরে বইটা নিয়ে এলো। ঐশীর সব কষ্ট ম্-ান হয়ে গেল। কিন্তু নিলয় কিছুতেই অয়নকে সহ্য করতে পারল না।

ক) সহনশীলতা আমাদের কাজে কী আনে? ১

খ) ঈশ্বর কেন আমাদের পাপ ক্ষমা করেছেন? ২

গ) ঐশীর মধ্যে কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) নিলয়ের এ কাজের পরিণতি বিশে-ষণ কর। ৪

৫। রনি মা-বাবার একমাত্র সন্ড়ান। রনি ভালোভাবে লেখাপড়া করে না। খারাপ বন্ধুদের সাথে মেশে। নানারকম মাদকদ্রব্য গ্রহণ করে। সে তাদের কাজের মেয়ের উপর অত্যাচার করে। এক পর্যায়ে সে মানসিকভাবে বিপর্যস্ড় হতে আত্মহত্যা করে।

ক) ঈশ্বর প্রত্যেক মানুষকে কী দিয়েছেন? ১

খ) ঈশ্বর মানুষকে কীভাবে সৃষ্টি করেছেন? ২

গ) উদ্দীপকে রনির আচরণ দ্বারা কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) রনির কর্মকান্ডকে কি তুমি সমর্থন কর? মতামত দাও। ৪

৬। জেমস সব সময় ঈশ্বরের উপর বিশ্বাস রাখে। কোনো সমস্যায় পড়লে আত্মবিশ্বাস হারায় না। বরং ইতিবাচক ভাবে সমস্যার সমাধান করে। সবার সাথে তার খুব ভালো সম্পর্ক। সে সবসময় ভালো ভালো মানুষের সান্নিধ্যে থাকার চেষ্টা করে।

ক) মানুষ কার প্রতিমূর্তিতে সৃষ্ট? ১

খ) কীভাবে মানবদেহের যত্ন ও পবিত্রতা রক্ষা করা যায়? ২

গ) জেমস এর চারিত্রিক বৈশিষ্ট্য কোন বিষয়ের সাথে সম্পৃক্ত? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) জেমস মন ভালো রাখার দায়িত্ব যথাযথভাবে পালন করে- উক্তিটির যথার্থতা বিশে-ষণ কর। ৪

৭। সূচি দেখতে সুন্দরী। এইজন্য সে সবসময় নিজেকে অন্যের চেয়ে আলাদা মনে করে। কারো সাথে কথা বলে না। সে অত্যন্ড় রাগী। সে রেগে গেলে ঘরের জিনিসপত্র ভেঙে ফেলে। সে কোনো কাজ করে না, অলস সময় কাটায়। সে সবসময় মানসিকভাবে অশান্ড়িতে থাকে। পাপের প্রবণতার জন্য তার এ মানসিক অশান্ড়ি, তা সে বুঝতে পারে না।

ক) সপ্তরিপু কী? ১

খ) সপ্তরিপু দমনের উপায়গুলো লেখ। ২

গ) উদ্দীপকে সূচিকে পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) মানসিক অশান্ড়ির মূল হচ্ছে পাপ।- বিশে-ষণ কর। ৪

৮। মিন্টু তার এক সহপাঠীকে প্রায়ই উত্যক্ত করে। তাকে সে বিভিন্ন খারাপ প্রস্ড়াব দেয়। তার চলার পথে ব্যাঘাত সৃষ্টি করে। দৈনন্দিন জীবনে এর প্রভাব পড়তে থাকে। একটা পর্যায় সেই সহপাঠী মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ে।

ক) কী থেকে পাপের জন্ম হয়? ১

খ) সপ্তরিপুকে দমন করতে হলে কী উপায় অবলম্বন করতে হবে? ২

গ) সহপাঠীর প্রতি মিন্টুর এরূপ আচরণের কারণ কী? ব্যাখ্যা কর। ৩

ঘ) মিন্টুর এ ধরনের আচরণ সমাজে কী কী ফল বয়ে আনতে পারে? আলোচনা কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি : সপ্তম

## বিষয় : চারু ও কারুকলা

সময় : পূর্ণমান- ৫০

**যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০**

১। কারুশিল্প বলতে কী বোঝায়? কাঠ দিয়ে তৈরি হয় এমন ৫টি কারুশিল্পের নাম লেখ।

২। বাংলাদেশের উন্নয়নে চিত্রকলা কিভাবে ভূমিকা রেখেছে তা উলে-খ কর।

৩। পোস্টার রং সম্পর্কে সংক্ষেপে লেখ?

৪। এ্যাক্রেলিক রং এখন শিল্পীদের প্রিয় একটি মাধ্যম- কথাটি ব্যাখ্যা কর।

**বহুনির্বাচনি প্রশ্ন** **১০×১ = ১০**

১। কোন অঞ্চলের নকশিকাঁথা শীর্ষস্থানীয়?

(ক) রাজশাহী (খ) ফরিদপুর

(গ) যশোর (ঘ) চট্টগ্রাম

২। পিড়িচিত্র, ঘটচিত্র, সরাচিত্র ইত্যাদি কীসের অংশ?

(ক) লোক শিল্পের (খ) গানের

(গ) খোদাই শিল্পের (ঘ) ভাষার

৩। পট আঁকার শিল্পীরা কী নামে পরিচিত?

(ক) পটুয়া (খ) পাটুরা

(গ) পট্টয়া (ঘ) পেটুয়া

৪। বাংলাদেশের সুন্দর কারুশিল্প হিসেবে দেশে-বিদেশে খ্যাত অর্জন করেছে কোনটি?

(ক) সাইকেল (খ) রিকশা

(গ) ট্রাক (ঘ) বাস

৫। ব্যবহারিক বিভিন্ন সামগ্রী বা বস্তুকে অলংকৃত করাকে কী বলে?

(ক) চারুশিল্প (খ) কারুশিল্প

(গ) লোকশিল্প (ঘ) কুটির শিল্প

৬। কোনটি মিশিয়ে পোস্টার রং আঁকতে হয়?

(ক) রং খুব দ্রুত শুকিয়ে যায় বলে (খ) রং উজ্জ্বল হয় বলে

(গ) রং মুছে যায় না বলে (ঘ) অল্প রং লাগে বলে

৭। এ্যাক্রেলিক রং পাতলা করে গুলিয়ে কোন রঙের মতো ব্যবহার করা যায়?

(ক) জল (খ) তেল

(গ) প-াস্টিক (ঘ) পোস্টার

৯। জল রং কোন প্রকৃতিরক রং?

(ক) অস্বচ্ছ (খ) স্বচ্ছ

(গ) ভারী (ঘ) তৈল

১০। টিউবের মধ্যে পেস্টের মতো অবস্থায় পাওয়া যায়?

i. জল রং

ii. পোস্টার রং

iii. এ্যাক্রেলিক রং

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**ব্যবহারিক :** **৩০**